# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৭২৯

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৭. প্রথম অনুচ্ছেদ - মৃত ব্যক্তির জন্য কাঁদা

اَلْبُكَاءُ عَلَى الْمَيِّتِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم: «لَا يَمُوت لمُسلم ثَلَاث مِنَ الْوَلَدِ فَيَلِجُ النَّارَ إِلَّا تَحِلَّةَ الْقسَمِ»

বাংলা

১৭২৯-[৮] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কোন মুসলিমের তিনটি সন্তান মারা গেলে সে জাহান্নামে প্রবেশ করবে না। তবে কসম পুরা করার জন্য (ক্ষণিকের জন্য হলেও) প্রবেশ করানো হবে। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ১২৫১, মুসলিম ২৬৩২, আত্ তিরমিযী ১০৬০, নাসায়ী ১৮৭৫, ইবনু মাজাহ্ ১৬০৩, মুয়াত্ত্বা মালিক ৮০৫, আহমাদ ৭২৬৫, ইবনু হিব্বান ২৯৪২, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৭১৩৪, শারহুস্ সুন্নাহ্ ১৫৪১, সহীহ আত্ তারগীব ১৯৯৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসে ঐ সব পিতা-মাতার ব্যাপারে জান্নাতের সুসংবাদ দেয়া হয়েছে, যাদের জীবদ্দশায় তাদের অপ্রাপ্ত বয়স্ক ছেলে-মেয়ে ইন্তিকাল করে। মনে রাখতে হবে যে, এখানে পিতা-মাতা বলতে মু’মিন পিতা-মাতাকে বুঝানো হয়েছে। কোন কাফির বা মুশরিক এ ধরনের পুরস্কার পাবে না। এ হাদীসে বলা হচ্ছে যে, যে মুসলিমের তিনটি সন্তান তার জীবদ্দশায় মারা যাবে এবং সে এর উপর ধৈর্যের পরিচয় দিয়ে আল্লাহর ওপর সন্তুষ্ট থাকবে আল্লাহ তাকে জান্নাত দান করবেন। মুসনাদে আহমাদে আবূ সালাক আল আশজা‘ঈ থেকেও অনুরূপ হাদীস বর্ণিত হয়েছে যে, তিনি বলেন, আমি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বললাম যে, ইসলাম গ্রহণ করার পর আমার কয়েকটি সন্তান ইন্তিকাল করেছে। তখন রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, যখন কোন মুসলিমের

সন্তান মারা যায় আল্লাহ তা‘আলা তাকে জান্নাতে প্রবেশ করাবেন। হাদীসের মধ্যে সন্তান বলতে ছেলে ও মেয়ে উভয়কে বুঝানো হয়েছে। ‘তার কসম পুরো করার জন্য’ এর অর্থ জাহান্নামের উপর নির্মিত পুল অতিক্রম করা।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56289

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন